

১১/১১/২০২৪



জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

তারিখ : ০৫/১১/২০২৪

স্মারক নং/জাতীয়: বি./হি-৬(৩৯)/২০২৪/২৫১

অধ্যক্ষ,

অধিভুক্ত সকল কলেজ/ শিক্ষাপ্রতিষ্ঠান

বিষয় : বিশ্ববিদ্যালয়ের সকল কাজের সম্মানী ও পারিতোষিক বিলের টাকা যথা সময়ে সোনালী সেবার মাধ্যমে পরিশোধ করা প্রসঙ্গে।


মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা সংক্রান্ত কাজের সম্মানী ও পারিতোষিক বিল অর্থ ও হিসাব দপ্তরের নিজস্ব সফটওয়্যারের সাহায্যে সোনালী সেবার মাধ্যমে অনলাইনে পরিশোধ করার উদ্যোগ গ্রহণ করা হয় এবং ধারাবাহিকভাবে তা অব্যাহত রয়েছে। উক্ত মাধ্যমে অধিকাংশ বিলের টাকা প্রাপকের নিকট পরিশোধ করা সম্ভব হলেও প্রাপকের ব্যাংক হিসাব ভুল/তথ্য ঘাটতি/হিসাব বন্ধ থাকার কারণে কিছু বিলের টাকা সোনালী ব্যাংক হতে বিশ্ববিদ্যালয়ে ফেরত আসছে। ফেরত আসা বিলসমূহ সনাতন পদ্ধতিতে চেক আকারে রেজিস্ট্রি ডাকযোগে স্ব স্ব কলেজের ঠিকানায় প্রেরণ করা হয়। প্রেরিত চেকের প্রাপককে কলেজের ঠিকানায় না পেয়ে এর কিছু অংশ আবারো বিশ্ববিদ্যালয়ে ফেরত আসছে যা বর্তমান প্রযুক্তি নির্ভর যুগের সাথে বেমানান বলে বিশ্ববিদ্যালয় মনে করে। এমতাবস্থায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল কাজের সম্মানী ও পারিতোষিক বিল সোনালী সেবার মাধ্যমে নির্বিঘ্নে-অনায়াসে শতভাগ প্রেরণ/পরিশোধ করার উদ্যোগ সম্প্রতি বিশ্ববিদ্যালয় গ্রহণ করেছে। এজন্য আপনার মাধ্যমে আপনার প্রতিষ্ঠানের টিএমআইএসধারী শিক্ষকবৃন্দের নিম্নোক্ত তথ্য সংযুক্ত নমুনা ছকে (ইংরেজিতে) প্রয়োজন :

SL	Information	SL	Information
1	TMIS Number	5	Bank Branch Name
2	Sonali Bank Account of his/her own	6	Bank Branch Code
3	Bank Account with 13 digits	7	Bank Routing Number
4	e-mail address	8	e-copy of Cheque book cover page

উক্ত ছকের তথ্যাবলী স্ব-স্ব কলেজের অধ্যক্ষ মহোদয়ের সুপারিশসহ কলেজের ই-মেইল দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের pams@nu.ac.bd ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


(আলাউদ্দিন আহাম্মেদ)
পরিচালক (ভারপ্রাপ্ত)
অর্থ ও হিসাব দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ



নমুনা ছক

স্মারক নং:

তারিখ:

বিষয়: কলেজের নিম্নলিখিত টিএমআইএসধারী শিক্ষক/শিক্ষকগণের
সোনালী ব্যাংক হিসাব নম্বর হালনাগাদ প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে,
..... কলেজের নিম্নোক্ত ছকে বর্ণিত শিক্ষক/শিক্ষকগণের ১৩ ডিজিটের সোনালী
ব্যাংক হিসাব নম্বর হালনাগাদ না থাকায় তা জরুরী ভিত্তিতে হালনাগাদ করা প্রয়োজন:

TMIS no.	Name	Designation	Bank Account with 13 Digits	Branch Code	Branch Name	Signature of Account Holder

১৩ ডিজিটের সোনালী ব্যাংক হিসাব নম্বর হালনাগাদের নিমিত্তে শিক্ষক/শিক্ষকগণের চেকবইয়ের ফটোকপি (E-copy of Cheque book cover page) এতদসঙ্গে সংযুক্ত করে কলেজের অফিসিয়াল ই-মেইল হতে প্রেরণ করা হলো। তালিকা মোতাবেক অত্র কলেজের উক্ত শিক্ষক/শিক্ষকগণের ১৩ ডিজিটের সোনালী ব্যাংক হিসাব নম্বর হালনাগাদ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক
পরিচালক
অর্থ ও হিসাব দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ।

ধন্যবাদান্তে,

(.....)

অধ্যক্ষ

..... কলেজ

.....